গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
বাংলাদেশ রেলওয়ে
রেলভবন , ঢাকা ।

১৫ মার্চ, ২০১৮ খ্রিঃ তারিখে রেলভবনস্থ সম্মেলন কক্ষে অনুষ্ঠিত বাংলাদেশ রেলওয়ের ইনোভেশন টিম কর্তৃক অনুষ্ঠিত সভার কার্যবিবরণী ।

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | মোছাঃ রশিদা সুলতানা গণি, পরিচালক (পরিবহন), বাংলাদেশ রেলওয়ে । |
| তারিখ | ঃ | ১৫ মার্চ, ২০১৮ খ্রিঃ |
| সময় | ঃ | বেলা ১৫.০০ ঘটিকা |
| স্থান | ঃ | বাংলাদেশ রেলওয়ে , রেলভবন , ঢাকা । |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট- ক দ্রষ্টব্য ।

সভাপতি মহোদয় উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন । সভার শুরুতে তিনি বাংলাদেশ রেলওয়ের ইনোভেশন টিম গঠনের প্রেক্ষাপটসহ এর গুরুত্ব আলোচনা করেন । তিনি উল্লেখ করেন ২৭ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে বাংলাদেশ রেলওয়ের ইনোভেশন টিম এর একটি সভা অনুষ্ঠিত হয় । উক্ত সভায় এতদ্‌বিষয়ে বিস্তারিতভাবে বিভিন্ন বিষয়ে আলোচনা করা হয় এবং বিভিন্ন ইনোভেশন নিয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণে সকলকে প্রস্তুতি নেওয়ার সময় দেওয়া হয় । এ প্রেক্ষিতে অদ্য সভায় বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে (APA) উল্লিখিত সেবা সহ অন্যান্য সেবা সহজীকরণের জন্য সেবার নাম নির্বাচন ও কার্যক্রমের বিষয়ে সবাইকে উন্মুক্ত আলোচনার জন্য আহ্বান জানান । আলোচ্যসূচী অনুযায়ী বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ০১ | উপ পরিচালক (প্রকৌশল) বলেন , নারায়ণগঞ্জ-ঢাকা সেকশনে ট্রেন সমূহে চলাচলকারী যাত্রী বিশেষ করে নারী ও শিশুদের ট্রেন ভ্রমনকে আরও স্বাচ্ছন্দ্যময় করার জন্য তিনি অফিসে যাওয়া ও আসার সময় চলাচলরত কমিউটার ট্রেনসমূহে অন্তত ১ টি ট্রিপে (যাওয়ার সময় ১টি ট্রিপ ও আসার সময় ১ টি ট্রিপ) এক (১) টি কোচ সংরক্ষনের প্রস্তাব করেন । | নারায়ণগঞ্জ- ঢাকা সেকশনে নারী ও শিশুদের ট্রেন ভ্রমনকে আরও স্বাচ্ছন্দ্যময় করার জন্য অফিসে যাওয়া ও আসার সময় চলাচলরত কমিউটার ট্রেনসমূহে অন্তত ১ টি ট্রিপে (যাওয়ার সময় ১টি ট্রিপ ও আসার সময় ১ টি ট্রিপ) এক (১) টি কোচ সংরক্ষনের ব্যবস্থা গ্রহণ করতে হবে । |
| ০২ | উপ পরিচালক (টেলিকম) বলেন, প্রতিদিন কমলাপুর স্টেশন হতে হাজার হাজার যাত্রী যাতায়াত করে থাকেন । এ সকল যাত্রীদের জন্য কমলাপুর স্টেশন এ মেডিকেল টিম বা মেডিকেল সুবিধা অপ্রতুল । যাত্রীদের তাৎক্ষণিক চিকিৎসা প্রদানের জন্য কমলাপুরসহ দেশের বড় বড় স্টেশনে সার্বক্ষণিকভাবে মেডিকেল টিমের কার্যক্রম শুরু করা যেতে পারে । | কমলাপুর স্টেশনে সহকারী ডাক্তার ও মেডিকেল টেকনিশিয়াল সহ First Aid Desk স্থাপন ও চালু করার ব্যবস্থা গ্রহণ করতে হবে । |

19.03.18

সিএসটিই (টেলিকম) এর দপ্তর
অতিঃ সিএসটিই (টেলিকম)
ডিএসটিই (টেলিকম) সদর
ডিডি (টেলিকম)

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ০৩ | উপ পরিচালক (যান্ত্রিক) বলেন, ট্রেনের সময়সূচী, ভাড়া সহ অন্যান্য তথ্যাদি এবং স্টেশনের সুবিধাসহ স্টেশনের লে-আউট যাতে যাত্রীরা সহজে জানতে পারে সেজন্য Information Booth স্থাপন করা যেতে পারে। এই বুথের মাধ্যমে যাত্রীরা সহজেই রেল সম্পর্কিত বিভিন্ন তথ্য জানতে পারবে। | Information Booth স্থাপন এর মাধ্যমে ট্রেনের সময়সূচী, সংশ্লিষ্ট ট্রেনের আসন প্রাপ্যতা ও ভাড়া, যাত্রী টিকেট প্রাপ্তি ও যাত্রীদের জন্য রেল পরিসেবা সহজীকরণ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। |
| ০৪ | উপ পরিচালক (টিসি) উদ্ভাবককে সহায়তা করার নিমিত্ত মেন্টর নিয়োগ এর জন্য মোঃ মিহরাবুর রশিদ খাঁন, সহকারী পরিচালক (এফ এম-২) এর নাম প্রস্তাব করেন। | উদ্ভাবককে সহায়তা করার নিমিত্ত মেন্টর হিসেবে মোঃ মিহরাবুর রশিদ খাঁন, সহকারী পরিচালক (এফ এম-২) কে মনোনয়ন করা হয়। |

অলোচ্যসূচিতে অন্য কোন বিষয় অন্তর্ভুক্ত না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোছাঃ রশিদা সুলতানা গণি)
পরিচালক(পরিবহন)
ও
ইনোভেশন অফিসার (আহ্বায়ক)
বাংলাদেশ রেলওয়ে
রেলভবন, ঢাকা।

নং-৫৪.০১.২৬০০.০১০.১৮.০০২.২০১৮. ১৮২ তারিখঃ মার্চ ২০১৮

বিতরণ ঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

১) এসপিএলও-১, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
২) উপ পরিচালক (টিসি), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৩) উপ পরিচালক (প্রকৌশল), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৪) উপ পরিচালক (যান্ত্রিক), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৫) উপ পরিচালক (টেলিকম), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৬) সহকারী পরিচালক (এফ এম-২), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো-

১) মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
২) অতিঃ মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৩) অতিঃ মহাপরিচালক ( অবকাঠামো), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৪) অতিঃ মহাপরিচালক (আরএস), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৫) অতিঃ মহাপরিচালক (এমএন্ডসিপি), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৬) প্রোগ্রামার, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন,ঢাকা।

Relice
১৮/৩/১৮